

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রকল্প বাস্তবায়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
WWW.MOHFW.GOV.BD

স্মারক নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-৩৯

তারিখ : ০৭.০২.২০১৮ খ্রিঃ

প্রাপক : প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ” প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত ২০১৭-১৮ অর্থ বছরে এডিপি বরাদ্দ অনুযায়ী জিওবি খাত হতে ৩য় কিস্তি বাবদ ১১২৪.২০ লক্ষ (এগার কোটি চব্বিশ লক্ষ বিশ হাজার) টাকা অবমুক্তি সংক্রান্ত।

জনাব,

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ১৯.০৭.২০১৭ তারিখের নং-৪৫.১৭৪.০০২.২৩.০০.০২৩.২০১২-১৬৬ সংখ্যক আদেশের অনুমোদিত বিভাজন অনুযায়ী আমি আদিষ্ট হয়ে “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন, গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) এর অনুকূলে ২০১৭-১৮ অর্থ বছরের এডিপি বরাদ্দ হতে নিম্নরূপে জিওবি খাতে ৩য় কিস্তি বাবদ ১১২৪.২০ লক্ষ (এগার কোটি চব্বিশ লক্ষ বিশ হাজার) টাকা ছাড়করণে সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি। মূলধন ও রাজস্বখাতের নির্দিষ্ট ব্যয় খাত অনুসারে এই আদেশ জারি করা হলো :

(লক্ষ টাকায়)

| বাস্তবায়নকারী সংস্থার নাম | প্রকল্পের নাম ও কোড নম্বর | অনুমোদনের পর্যায় | কিস্তির নাম | রাজস্ব খাতের অর্থ | মূলধন খাতের অর্থ | মোট অবমুক্ত অর্থ |
|-------------------------------|--|----------------------|---------------------------|----------------------|---------------------|---------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| স্বাস্থ্য অধিদপ্তর | “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) | অনুমোদিত | ৩য় কিস্তির জিওবি অর্থ | ৫.০০ | ১১১৯.২০ | ১১২৪.২০ |

শর্তাবলী:

- ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে The Public Procurement Act, 2006 এবং The Public Procurement Rules, 2008 অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- এই ব্যয় ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর “শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ” (কোড নং- ৫-২৭১১-৫২৫০) হতে বহন করা হবে;
- এক খাতের অর্থ আরেক খাতে ব্যয় করা যাবে না;
- অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে সমর্পন/সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- ছাড়কৃত অর্থ ব্যয়ের বিষয়ে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবে; এবং
- অর্থ ব্যয়ের মনিটরিং রিপোর্ট এবং প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশাসনিক অনুমোদন, সম্পদ সংগ্রহ ও অন্যান্য ক্রয়ের ক্ষেত্রে বিস্তারিত ব্যয়ের তথ্য প্রেরণ করতে হবে।

২। অর্থ বিভাগের ১৩.১১.২০১২ তারিখের ০৭.১১১.০৩১.০১.০০.০৬১.২০১২-৫৪০নং স্মারকের অধীনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে যে ক্ষমতা অর্পন করা হয়েছে সেই অনুযায়ী এই আদেশ জারি করা হলো।

আপনার বিশ্বস্ত,




(এস এম জাহাঙ্গীর হোসেন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৯৫৪০

-পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য-

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
২. যুগ্ম-প্রধান, স্বাস্থ্য উইং, আর্থ সামাজিক অবকাঠামো ও কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলানগর, ঢাকা।
৩. যুগ্ম-প্রধান (পরিকল্পনা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. উপ সচিব (বাজেট-৪), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. প্রকল্প পরিচালক, "শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ ও হাসপাতাল এবং নার্সিং ইনস্টিটিউট স্থাপন গোপালগঞ্জ" শীর্ষক প্রকল্প, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ, গোপালগঞ্জ।
৬. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, গোপালগঞ্জ।
৮. যুগ্ম-সচিব (প্রবা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


(এস এম জাহান হোসেন)
সিনিয়র সহকারী সচিব